(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা

‘জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন’ শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) ৭ম সভার কার্যবিবিরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ৩১ মে, ২০২২ |
| সভার সময় | ১২.৩০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভা কক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান। প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব ফরিদ আহাম্মদ অবহিত করেন যে, ‘জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষনা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট স্থাপন’’ শীর্ষক প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২১ মেয়াদে মোট ১৬৫২৭.৮০ লক্ষ টাকা ব্যয়ে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্প বাস্তবায়ন কালে কিছু কাজের ধরন পরিবর্ধন ও পরিবর্তন হয় । ফলে প্রকল্পটির কিছু অঙ্গে ব্যয় বৃদ্ধি ঘটে এবং প্রকল্পটির ব্যয় সংশোধন আবশ্যক হয়ে পড়ে। প্রকল্পের সংশোধন প্রস্তাব করা হলে গত ২১-১২-২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত আরডিপিপি প্রণয়ন করার নির্দেশনা দেয়া। আরডিপিপি প্রনয়নের পাশাপাশি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ২৮-০৯-২০২১ তারিখের ৪০.০০.০০০০.০২৬.১৪.০৮৮.১৮-২০ নং স্মারকে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২২ পর্যন্ত ০১ (এক) বছর সময় বৃদ্ধি করা হয়। তবে পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের ৩১ জানুয়ারি, ২০২২ তারিখের ২০.০৫.০০০০.৪৩২.১৪.০৬০.২১(অংশ-১)/৪৩ নং স্মারক মারফত জানানো হয়েছে যে, প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি/ সংশোধনের কোন সুযোগ নাই। সে হিসেবে ৩০ জুন,২০২২ মেয়াদে প্রকল্পটি আবশ্যিকভাবে সমাপ্ত করতে হবে। তাই সময়মত কাজশেষ করার লক্ষ্য নিয়ে আজকের এই সভা আহবান করা হয়েছে। তিনি আরো সভাকে আরো জানানযে, ইতোমধ্যে ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ পিএসসি সভার সিদ্ধান্তমতে ১৪.৫৪% ব্যয় হ্রাস করে ১৪১২৫.০৮ লক্ষ টাকা ব্যয় পুনঃনির্ধারন করে আরডিপিপি প্রণয়ন করা হয় যা ১৫ মার্চ ২০২২ তারিখে অনুমোদিত হয়েছে।

**২। আলোচনা:**

**ক) প্রকল্পের ৬ষ্ঠ পিএসসি সভার কার্যবিবরনী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্পের ৬ষ্ঠ পিএসসি সভা গত ২০ ফেব্রুয়ারী, ২০২২ তারিখে মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধোন বা পরিমার্জন না থাকায় তা সর্বসম্মতক্রমে অনুমোদন করা হয়। সভার সিদ্ধান্তমতে ১৫% হ্রাস করে আরডিপিপি প্রনয়নের নির্দেশনা ছিল, যা বস্তবায়িত হয়েছে।

**খ) প্রকল্পের নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব ফরিদ আহাম্মদ জানান যে, প্রকল্পের আওতায় ৯টি ভবনের নির্মান কাজ চলমান আছে। অনুমোদিত **ডিপিপির ডিজাইন অনুযায়ী** ভবনগুলির অগ্রগতি নিম্নরূপ:

| ক্রম | ভবনের নাম | ভৌত অগ্রগতি | বাবদ ডিপিপিতে বরাদ্দ (লক্ষ টাকা) | প্রদানকৃত বিলের পরিমাণ (লক্ষ টাকা) | আর্থিক অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | একাডেমিক ভবন | **৬৩%** | ৪০৪২ | ২২৬০.৩৩ | ৫৫.৯২% | ভবনের ৪র্থ তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। |
| ২ | **মহিলা হোস্টেল** | **৮০%** | ৮১৭ | ৬৮০.৫০ | ৮৩.২৯% | ভবনের ফিনিশিংকাজ এখনও বাকি রয়েছে |
| ৩ | **পুরুষ হোস্টেল** | **৮৩%** | ৮১৭ | ৬৮০.৫০ | ৮৩.২৯% | ভবনের ফিনিশিংকাজ এখনও বাকি রয়েছে |
| ৪ | টিচার্স কোয়ার্টার | **৭৫%** | ৪৯০ | ৩৬৪.১৯ | ৭৪.৩২% | ভবনের ফিনিশিং কাজ এখনও বাকি রয়েছে |
| ৫ | ফ্যাকাল্টি কোয়ার্টার | **৭৩%** | ৭০৮ | ২৮৩.৯০ | ৪০% | ভবনের ফিনিশিং কাজ এখনও বাকি রয়েছে |
| ৬ | ব্যাচেলর কোয়ার্টার | **৭৫%** | ৭০০ | ৫৭৭.০৫ | ৮২.৪৩% | ভবনের ফিনিশিংকাজ এখনও বাকি রয়েছে |
| ৭ | ডাইরেক্টর কোয়ার্টার | **৯২%** | ১২০ | ৯১.৫১ | ৭৬.২৫% | ভবনের ফিনিশিং কাজ এখনও বাকি রয়েছে |
| ৮ | ইন্সপেকশন বাংলো | **৬৮%** | ২৬৩ | ১৩৭.৯৮ | ৫২.৪৬% | ভবনের ফিনিশিং কাজ এখনও বাকি রয়েছে |
| ৯ | ৩য় ও ৪র্থ শ্রেনী কর্মচারীর কোয়ার্টার | **৮০%** | ৪১৯ | ৩৬৪.১৯ | ৮৬.৯১% | ভবনের ফিনিশিং কাজ এখনও বাকি রয়েছে |

পূর্ত কাজ বাবদ ডিপিপিতে মোট বরাদ্দ রয়েছে ৮৯২৭ লক্ষ টাকা। তন্মধ্যে পরিশোধ করা হয়েছে ৬১৬৭ লক্ষ টাকা।

সভাপতি মহোদয় জুন, ২০২২ মেয়াদে অসমাপ্ত নির্মান কাজ শেষ করা সম্ভব কিনা জানতে চান। এ বিষয়ে সেনা কল্যান সংস্থার কর্নেল মোঃ আরেফিন তালুকদার জানান যে, নির্ধারিত সময়ের মাঝে নির্মান কাজ সমাপ্ত করার পরিকল্পনা নিয়ে ভবন নির্মানের কাজ চলমান আছে। তবে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শক মোঃ নাসির উদ্দিন আহমেদ জানান যে, কাজ যে গতিতে চলমান রয়েছে তাতে জুন,২০২২ তারিখের মধ্যে কাজ সমাপ্ত করা সম্ভব নয়। তাই এই বছরে বরাদ্দকৃত সমুদয় অর্থ ব্যয়িত হবে না। তিনি অনুমান করেন যে, আরো ১৫ কোটি টাকা অব্যয়িত থেকে যাবার সম্ভাবনা আছে। সভাপতি মহোদয় প্রকল্প পরিচালক ও সেনা কল্যান সংস্থাকে সম্মিলিতভাবে সচেষ্ট থেকে সময়ের মধ্যে কাজ সমাপ্ত করার নির্দেশনা দেন।

**গ) প্রকল্পের বাজেট পর্যালোচনা:**

প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব ফরিদ আহাম্মদ জানান যে, আলোচ্য প্রকল্পটির জন্য ২০২১-২২ অর্থ বছরে বাজেট বরাদ্দ **মাত্র ৫৩৬৮** লক্ষ টাকা।

আরডিপিপি অনুসারে প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বিভাজন: ( লক্ষ টাকা)

| ক্রম/ বিবরণ | আরডিপিপির প্রাক্কলন | ২০২১-২২ বরাদ্দ | ৩০-০৫-২০২২ তারিখ পর্যন্ত ক্রমপুঞ্জিত অর্থ ব্যয় | দাখিলকৃত বিলের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| অফিস ভবন | ৮৯২৭.৮০ | ৩৫৮২.০৫ | ৬১৬৭ | ৬১৬৭ | ডিপিপিতে সংযুক্ত ডিজাইন মোতাবেক পিডব্লিউডি রেট সিডিউল-২০১৮ অনুযায়ী ব্যয় প্রাক্কলন হয় ৮৯২৭.৮০ লক্ষ টাকা। |
| অফিস সরঞ্জাম | ২৪২১.৫৭ | ১২৩৩.৪৮ | ০ | ০ | ভবন নির্মান শেষে সীমিত পরিসরে ট্রেনিং কার্যক্রম পরিচালনার জন্য ভবনসমুহ ব্যবহার উপযোগী করার নিমিত্ত কিছু অত্যাবশকীয় আইটেমের চাহিদা অপরিবর্তিত রেখে এই খাতে ব্যয় সংশোধন করা হয়েছে। |
| আসবাবপত্র | ১০৫৯.৪৬ | ১৩২.৭৯ | ০ | ০ | - |
| সেনিটেশন | ১৫৮.৬৮ | ১৫৮৬৮ | ০ | ০ | পিডব্লিউডি রেট সিডিউল-২০১৮ অনুযায়ী। |
| মোটর যান | ৬৭৬ | ১২৬ | ০ | ০ | |
| রাজস্ব ব্যয় | ৭৬৫.৩৭ | ১৩২.৯৮ | ৪৬৭ | ০ | |
| **মোট=** | | **৫৩৬৮** | | | |

৩। **সিদ্ধান্ত:** সভায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**(ক)** ইতোমধ্যে সম্পাদিত কাজের আসেসমেন্ট করে অর্থ বিভাগের বেঁধে দেয়া সময়ের মধ্যে বিল দাখিল করতে হবে এবং তা অতি দ্রুত যাচাই বাছাই করে **সেনা কল্যান সংস্থাকে "বিধিমোতাবেক" বিল প্রদান করতে হবে;**

**(খ)** ৩০-০৬-২০২২ তারিখের পরে যে সকল কাজ অসমাপ্ত থাকবে সে সকল কাজের এসেসমেন্ট করতে হবে;

**(গ)** অসমাপ্ত কাজ সম্পন্নকরনের জন্য "কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরন এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় অংগীভুত করা যেতে পারে।

বাস্তবায়ন: প্রকল্প পরিচালক

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৮.১৪.০০৪.২১.৪৩

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৯
০৮ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব (রুটিন দায়িত্ব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৩) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৫) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৬) যুগ্ম সচিব, বাজেট-৪ অধিশাখা, অর্থ বিভাগ

৭) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

৮) উপসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৯) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১০) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১১) প্রকল্প পরিচালক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন শীর্ষক (NOSHTRI) প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

১২) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

শাকেরা আহমেদ
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)